

- ৪। সাধুসঙ্গ মরুদ্যানে, স্থান পায় ভাগ্যবানে;
মহানন্দ দিনে দিনে, মরু বুকে প্রাণ হারায় ॥

—মহানন্দ হালদার



৩৩ নং

তাল—কাহারবা

- রং খেলায়ে হলি রে মন ছকা ।
হাতে নাই তোর কুড়ি চৌদ্দ মাধুর্য্য প্রেম টেকা ॥
- ১। রসিক জনের প্রেমের খেলা, খেলার তত্ত্ব জানে ভোলা,
সার খেলার নাম হরিবোলা আর খেলা সব ফাকা ।
রসিক মানুষ ভবে যারা, রঙ্গের ধার ধারে না তারা,
বে-রং দিয়ে খেলায় উঠায় টেকা ॥
- ২। কি খেলিতে ভবে আইলি, কি খেলিতে কি খেলিলি,
গয়ায় যাত্রা করে গেলি মক্কা ।
তোর খেলা দেখিয়ে কলি, সদায় দিচ্ছে করতালি,
যম রাজা বাজায় বসে ঢক্কা ॥
- ৩। রঙ্গের খেলা ভঙ্গ দিয়ে, সদ গুরুর আশ্রয় নিয়ে,
কর গিয়ে প্রেমের খেলা শিক্ষা ।
প্রেমের খেলা খেলতে হ'লে, দিতে হয় সব কপাট খুলে,
তন্ত্র মন্ত্রের করিস্ না অপেক্ষা ॥
- ৪। গুরুর কৃপা হ'লে গিয়ে খেলাইবি হাই ছাড়িয়ে,
খেলায় লাগবে গোলকধামে ধাকা ।
গৌসাই গোপালচাঁদ ঐ বলছে কান্দি, প্রেমের খেঁড়ু
ওড়াকান্দী, দেখে যা রে অভয়া বেমাক্কা ॥
—অভয়চরণ কবিরাজ